

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৮০

আগরতলা, ৩১ অক্টোবর, ২০২৪

সচিবালয়ে রাষ্ট্রীয় একতা দিবস পালন



সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মজয়ন্তী উপলক্ষ্যে সারা রাজ্যের সাথে সচিবালয়েও আজ রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হয়। সচিবালয়ের ২নং সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রীয় একতা, অখন্ডতা ও সুরক্ষার জন্য শপথ গ্রহণ করা হয়। অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারীদের শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহণ অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, সাধারণ প্রশাসন (সচিবালয় প্রশাসন) দপ্তরের সচিব তরুন কান্তি দেবনাথ, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, সাধারণ প্রশাসন (সচিবালয় প্রশাসন) দপ্তরের যুগ্ম সচিব অসীম সাহা সহ সচিবালয়ে কর্মরত বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*